গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

তারিখ: ০৪ কার্তিক ১৪২৭ / ২০ অক্টোবর ২০২০

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৭১.২০-৪২২

**বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ বিষয়ক নির্দেশিকা চলমান বিভিন্ন প্রশিক্ষণে অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০.০০০০.০১৪.১৪. ২০৯.২০-৪৬, তারিখ:২৩/০৯/২০২০
২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং:৩৮.০১.০০০০.১৪০.৯৯.০১২.২০১৪-১০৮৭, তারিখ:০৬/১০/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারী নিয়ন্ত্রণের জন্য বিশ্বব্যাপী বিদ্যালয় সমূহের ন্যায় বাংলাদেশেও প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এর ফলে শ্রেণিশিক্ষা কার্যক্রমে ব্যাঘাতসহ শিশুর শিখন যোগ্যতার উপর প্রভাব পড়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা কর্তৃক ০৩/০৯/২০২০ তারিখে কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর (পূর্বপ্রস্তুতিমূলক) কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা (সংযুক্ত পরিপত্র দ্রষ্টব্য) প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সকল উপজেলা রিসোর্স সেন্টারকে চলমান বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে বর্ণিত বিষয়টি প্রশিক্ষণার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

শাহ সুফী মোহাম্মদ আলী রেজা
উপপরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ০২-৫৫০৭৪৭৮২
ই-মেইল: dpeddtrain1@gmail.com

উপজেলা রিসোর্স সেন্টার (সকল)

অনুলিপি:-

১। পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ------------------ ।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ----------------------------------- ।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই, (সকল), ----------------------- ।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অতি: মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতি: মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি

পলিসি ও অপারেশন বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

## ইউ ও নোট

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ বিষয়ক নির্দেশিকা চলমান বিভিন্ন প্রশিক্ষণে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬, তারিখ: ২৩/০৯/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারী নিয়ন্ত্রণের জন্য বিশ্বব্যাপী বিদ্যালয় সমূহের ন্যায় বাংলাদেশেও প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এর ফলে শ্রেণিশিক্ষা কার্যক্রমে ব্যঘাতসহ শিশুর শিখন যোগ্যতার উপর প্রভাব পড়েছে। বিদ্যালয় পুনরায় চালু করার পূর্বে (পূর্বপ্রস্তুতিমূলক) কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। এ বিষয়ে ০৩/০৯/২০২০ তারিখে কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক একটি নির্দেশিকা প্রদান করা হয়েছে। তদনুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, প্রশিক্ষণ শাখা থেকে মাঠ পর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চলমান বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে বর্ণিত নির্দেশিকাটি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি- ০৭(সাত) পৃষ্ঠা

০১/১০/২০২০
(খালিদ আহম্মেদ)
যুগ্ম সচিব
পরিচালক (পলিসি ও অপারেশন বিভাগ)
ফোন: ৫৫০৭৪৯১৮
ই-মেইল: dirpolicydpe@gmail.com

পরিচালক (প্রশিক্ষণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

---

৩৮.০১.০০০০.১৪০.৯৯.০১২.২০১৪-২০৫৭- তারিখ: ৬/১০/২০

RO/EO (সকল)
সকল প্রশিক্ষণে নির্দেশিকাটি বিষয়টি অবহিত করতে হবে।
০৫/১০/২০২০

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-৩
www.mopme.gov.bd

স্মারক নং ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

# পরিপত্র

**বিষয়: বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) ফান্ড দ্বারা চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ।**

কোভিড-১৯ মহামারি নিয়ন্ত্রণের জন্য বিশ্বব্যাপী বিদ্যালয়সমূহের ন্যায় বাংলাদেশেও প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এর ফলে শ্রেণিশিক্ষা কার্যক্রমে ব্যাঘাতসহ শিশুর শিখন যোগ্যতার উপর নেতিবাচক প্রভাব পড়ছে। বিশেষ করে প্রান্তিক শিক্ষার্থীরা যত বেশি সময় বিদ্যালয়ের বাইরে থাকবে, তাদের বিদ্যালয়ে ফেরার সম্ভাবনা ততই কমে যাবে। তাই জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে যথাশীঘ্র বিদ্যালয় পুনরায় চালু করা অতীব জরুরী। বিদ্যালয় পুনরায় চালু করার পূর্বে পূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। এ লক্ষ্যে গত ৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর বিষয়ে একটি নির্দেশিকা প্রকাশ করা হয় এবং তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে।

২। চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের আলোকে স্ব স্ব বিদ্যালয় নিজস্ব পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রয়েছে। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে উক্ত গাইডলাইনের আলোকে বিদ্যালয় পুনরায় চালু করার পূর্বে পূর্ব প্রস্তুতিমূলক বিবিধ কার্যক্রম গ্রহণ করতে হবে। এ প্রেক্ষিতে বিদ্যালয় পর্যায়ে স্লিপ বরাদ্দকৃত ফান্ড দ্বারা অগ্রাধিকারভিত্তিতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যাবে:

ক) ক্লাসরুমসহ বিদ্যালয়ের পুরো আঙ্গিনা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং জীবাণু মুক্ত করা;

খ) বিদ্যালয়ের সমস্ত আসবাবপত্র সার্বক্ষণিকভাবে পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং জীবাণু মুক্ত করা;

গ) শরীরের তাপমাত্রা পরিমাপক যন্ত্র 'ইনফ্রারেড থার্মোমিটার' স্থানীয়ভাবে ক্রয়;

ঘ) সাবান, ব্লিচিং পাউডার, ইত্যাদি ক্রয়;

ঙ) ওয়াশব্লক ও টয়লেট সার্বক্ষণিক পরিস্কার-পরিচ্ছন্ন রাখা;

চ) মগ, জগ ও বালতি ক্রয়;

ছ) অস্থায়ীভাবে হাত ধোয়ার স্থান নির্ধারণ করে হাত ধোয়ার পানি ও পানি নিস্কাশনের ব্যবস্থা করা;

জ) পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য শ্রমিকের যৌক্তিক সেবা ক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে);

ঝ) কোভিড-১৯ মেয়াদকালে ইন্টারনেট ডাটা ক্রয় (এ খাতে বরাদ্দ না থাকলে)।

(চলমান পাতা)

৩। বিদ্যালয়ে বরাদ্দকৃত স্লিপ ফান্ড থেকে অগ্রাধিকারভিত্তিতে স্থানীয়ভাবে সাশ্রয়ী মূল্যে উপরে বর্ণিত সামগ্রী/সেবা ক্রয়/সংগ্রহ করা যাবে।

৪। কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকার আলোকে স্ব স্ব বিদ্যালয় স্থানীয়ভাবে প্ল্যান গ্রহণ করে তা যথাযথভাবে বাস্তবায়ন করবে।

৫। বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের অনুবৃত্তিক্রমে এ পরিপত্র জারী করা হলো এবং তা উক্ত গাইডলাইনের অংশ হিসেবে গণ্য হবে।

৬। উপর্যুক্ত ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অবশ্যই প্রতিপালন করতে হবে।

৭। পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ পরিপত্র বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
২৩/০৯/২০২০
(মো: আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব

স্মারক নং ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি এন্ড অপারেশন/পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১১. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১২. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
১৩. উপজেলা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

২৩/০৯/২০২০
(মো: আশিক নূর)
সিনিয়র সহকারী প্রধান

**অনুলিপি:**

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।